"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-২
( www.tmed.gov.bd )

নং- ৫৭.০০.০০০০.০৮৫.০২.০০৭.১৬-৬২০

তারিখ: ১৯ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ
০৪ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর সচিব মহোদয়ের সাথে বাংলাদেশ স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা শিক্ষক সমিতি কেন্দ্রীয় কমিটির প্রতিনিধি দলের সৌজন্য সাক্ষাত/সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ে প্রেক্ষিতে বাংলাদেশ স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা শিক্ষক সমিতির কেন্দ্রীয় কমিটির প্রতিনিধি দলের সৌজন্য সাক্ষাত/সভা সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর সভাপতিত্বে গত ২৯/০৮/২০১৭খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হ'ল।

সংযুক্তি: কার্যবিবরণী ২ (দুই) পাতা।

০৪/১০/২০১৭

**(মো: আবদুল খালেক)**
সহকারী সচিব (মাদ্রাসা-২)
☎ ৯৫৪৯৩৯৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
২। পরিচালক, শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী-নীলক্ষেত, ঢাকা।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা।
৪। অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই), বোর্ড বাজার, ঢাকা।
৫। সহকারী সচিব (মাদ্রাসা শাখা-১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। মহাসচিব, বাংলাদেশ স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা শিক্ষক সমিতি, ১১৪/এ, কাজী অফিস লেন, বড় মগবাজার, রমনা, ঢাকা।

অনুলিপি:

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। উপসচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৫। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন/মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। যুগ্মসচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭। উপসচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮। অফিস কপি।

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-২
(www.tmed.gov.bd)

বিষয়: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর সচিব মহোদয়ের সাথে বাংলাদেশ স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার শিক্ষক সমিতি কেন্দ্রীয় কমিটির প্রতিনিধি দলের সৌজন্য সাক্ষাত/সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়। |
| তারিখ | : ২৯/০৮/২০১৭ তারিখ। |
| সময় | : বিকাল ০৩.০০ ঘটিকায়। |
| সভার স্থান | : কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সম্মেলন কক্ষ (পরিবহন পুল ভবন, ১০ম তলা)। |

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ ও বাংলাদেশ স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার শিক্ষক সমিতির সদস্যদের তালিকা পরিশিষ্ট-'ক'।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বাংলাদেশ স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার শিক্ষক সমিতি কেন্দ্রীয় কমিটি আবেদনের প্রেক্ষিতে অনুষ্ঠিত এ সভায় মন্ত্রণালয়/অধিদপ্তর/মাদ্রাসা শিক্ষা বোর্ড/ব্যাইবেইসসহ উপস্থিত সকল কর্মকর্তাগণ এবং সমিতির নেতৃবৃন্দ সভায় স্বাগত জানান। অত:পর সভাপতির অনুমতিক্রমে মাদ্রাসা অনুবিভাগের অতিরিক্ত সচিব জনাব এ.কে.এম. জাকির হোসেন ভূঁঞা এ বিষয়ে সভায় বিস্তারিত তথ্য উপস্থাপন করেন।

(২) সভায় চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড অবহিত করেন যে, ইবতেদায়ী মাদ্রাসা শিক্ষা জরুরি প্রয়োজন। এবতেদায়ী থেকে মাদ্রাসা পড়াশোনা শুরু হয়। ১৯৮৪খ্রি: সনে ইবতেদায়ী মাদ্রাসা শিক্ষা শুরু হওয়ার পর বিনা বেতনে মাদ্রাসার কার্যক্রম চালু হয়। তারপর থেকে বর্তমানে মাদ্রাসাসমূহ কোন পর্যায় আছে ও শিক্ষকদের বর্তমান অবস্থা জানা প্রয়োজন। তাছাড়া তাদের মধ্যে আরো শিক্ষক রয়েছে। অনেক মাদ্রাসার কোড এবং ইআইআইএন নম্বর নেই। প্রতিষ্ঠানের সঠিক সংখ্যা জানা প্রয়োজন। সমিতির ন্যায়সঙ্গত দাবী-দাওয়া সরকারের উচ্চ পর্যায়ে তুলে ধরতে মাদ্রাসা শিক্ষা বোর্ড এর পক্ষ থেকে সকল সহযোগিতা প্রদান করা হবে। উল্লেখ্য যে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের হিসাব অনুযায়ী স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার সংখ্যা ৬,৯৯৮ ব্যানবেইস হিসাব মতে ২০১৬ সনে স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা ৩,৪৩৩টি, অনুদান প্রাপ্ত মাদ্রাসার সংখ্যা ১,৫১৯টি, কর্মরত শিক্ষক ১৫২৪৩ জন এবং ছাত্র-ছাত্রী সংখ্যা ৫১,৯৯৭ জন।

(৩) বাংলাদেশ স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার শিক্ষক সমিতির মহাসচিব জনাব মাওলানা কাজী মোখলেছুর রহমান সভাপতির অনুমতিক্রমে তার শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন এবং সচিব মহোদয় নেতৃবন্দকে সময় দেয়ার জন্য শোকরিয়া জ্ঞাপন করেন। তিনি জানান যে, ১৯৮৪ সনে ৭৮ অর্ডিন্যান্স এর মাধ্যমে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা রেজিস্ট্রেশন প্রাপ্ত হয়। তখন থেকে স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার শিক্ষকরা সরকারের নিয়মনীতি অনুযায়ী প্রাইমারির মত শিক্ষার্থীদের কে বিনা বেতনে পাঠদান করিয়া আসিতেছে। ১৯৯৪ সনে একই পরিপত্রে রেজিস্ট্রার বেসরকারি প্রাইমারী ও স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা শিক্ষকদের বেতন ৫০০ টাকা নির্ধারণ করা হয়। পরবর্তীতে বিগত সরকারের সময়ে ধাপে ধাপে বেতন বৃদ্ধি হতে হতে ২০১৩ সনে ৯ জানুয়ারি বর্তমান মহাজোট সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ২৬১৯৩টি বেসরকারি প্রাইমারি স্কুল জাতীয়করণ করে। কিন্তু পরিতাপের বিষয় স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার শিক্ষকরা বেতন ভাতা না পাওয়ায় বর্তমান দ্রব্যমূল্যের বাজারে মানবেতর জীবন যাপন করছে। শিক্ষা মন্ত্রণালয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে বহু সুপারিশ প্রেরণসহ শিক্ষা মন্ত্রণালয় অনেক সিদ্ধান্ত গ্রহণ করেছে। বিগত ১৯৯৪ সনে সকল স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার কর্মরত শিক্ষকদের বেতন ভাতা প্রদানের সিদ্ধান্ত থাকলেও তা পূরণ করা হয়নি। গত ২২ জানুয়ারি ২০১৩ সনে ১৫১৯টি স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার শিক্ষকদের বেতন ভাতা ৫০০ টাকা থেকে বৃদ্ধি করে ১০০০ টাকায় উন্নিত করেছেন। বর্তমানে ১৫১৯টি মাদ্রাসার প্রধান শিক্ষকদের বেতন ১০০০ টাকা থেকে ২৫০০/- টাকা ও সহকারী শিক্ষকদের বেতন ২৩০০/- টাকা বৃদ্ধি করা হয়। অবশিষ্ট মাদ্রাসার শিক্ষক শিক্ষিকাগণ অদ্যবধি পর্যন্ত (২৯ বছর) বেতন ভাতা হতে বঞ্চিত। উপরোল্লিখিত ঘোষণা ও সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য কোন সিদ্ধান্ত না নেওয়ায় অধিকাংশ শিক্ষক মানবেতর জীবন যাপন করছে। ১১/০২/২০১৬ সনে রোজ বৃহস্পতিবার জাতীয় প্রেসক্লাবের সামনে শিক্ষক সমাবেশ করে মাননীয় প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান করি। যাহার প্রেক্ষিতে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে শিক্ষা মন্ত্রণালয়ে পত্র দেয়। বিষয় ছিল স্মারকলিপির দাবীসমূহ অগ্রায়ন করার জন্য, যার স্মারক নং-১৭২। শিক্ষামন্ত্রী ও শিক্ষা সচিব মহোদয় উভয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে পাঠিয়েছেন। গত ২১/০৮/২০১৬ সনে মাননীয় গণশিক্ষা মন্ত্রী মহোদয় ও সচিব মহোদয়ের সাথে বাংলাদেশ স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার শিক্ষক সমিতি ২০ সদস্য প্রতিনিধি মন্ত্রণালয়ের সম্মেলন ক্ষে বৈঠক করেন। বৈঠকে সিদ্ধান্ত হয় স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার শিক্ষকদের বেতন-ভাতাসহ বিগত দিনের সকল বৈষম্যের স্বীকার বিভিন্ন ধরণের সমস্যা সমাধানের ব্যাপারে আলোচনা ও মন্ত্রণালয় কর্তৃক রেজুলেশন ও ওয়ার্কিং কমিটি গঠন করা হয়। গত ০৪/০৫/২০১৭ সনে তারিখে ওয়ার্কিং কমিটির মিটিং এর সিদ্ধান্ত মোতাবেক মাদ্রাসা শিক্ষা বোর্ডের কাছ থেকে মাদ্রাসার তালিকা, শিক্ষক সংখ্যা ও কর্মচারীর চাওয়া হয়। তিনি আরো অবহিত করেন যে, আমাদের লক্ষ্য ও চিন্তাভাবনা উপস্থাপন করতে সুযোগ পাওয়ায় আমরা আনন্দিত। মাদ্রাসার শুরুতে যে সকল শিক্ষকগণ যোগদান করেছেন বর্তমানে বয়সের কারণে তাদের অধিকাংশই অবসরে চলে গেছেন। মহাসচিব, আরো জানান যে, যখন প্রাইমারী রেজিস্ট্রেশন শুরু তার পূর্বে ইবতেদায়ী কাজ শুরু হয়েছে।

মহাসচিব আরো অবহিত করেন যে, প্রাইমারী রেজিস্ট্রেশন যে ভাবে সুযোগ আছে, সেভাবে ইবতেদায়ী মাদ্রাসা রেজিস্ট্রেশন করার প্রস্তাব দেন। মাননীয় প্রধানমন্ত্রীর কাছে শিক্ষকদের দাবী সম্বলিত পেশকৃত স্মরকলিপি অনুসারে প্রধানমন্ত্রীর কাছে একটি সার-সংক্ষেপ পেশ করার অনুরোধ করেন। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর হতে পত্রের মাধ্যমে হিসাব নম্বর চাওয়ায় মাঠ পর্যায়ে বিভিন্ন সমস্যার সৃষ্টি হয়েছে। যেহেতু প্রাইমারী ও ইবতেদায়ী এনসিটিবি কর্তৃক বই পাঠদান করার হয় বিধায় শিক্ষার মান প্রাথমিক শিক্ষার সাথে সমান হওয়া প্রয়োজন। ১৯৮৪ থেকে ১৯৯৪ সালে পর্যায়ক্রমে ৫০০/- থেকে ১২০০/- পর্যন্ত অনুদান বৃদ্ধি করা হয়েছে। ২০১৬-২০১৭ সালে তা বৃদ্ধি করে ২৩০০/- এবং ২৫০০/- টাকা করা হয়েছে। প্রতি ইউনিয়ন ১টা করে ইবতেদায়ী মাদ্রাসা থাকা প্রয়োজন। গত ১৪/০৬/২০১৭ জুন ইবতেদায়ী মাদ্রাসা কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ থেকে পরিচালনা হবে মর্মে আদেশ জারী হয়েছে এ জন্য কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগকে ধন্যবাদ জানান।

অত:পর তিনি নিম্নবর্ণিত দাবীগুলো উপস্থাপন করেন:

ক. প্রাথমিক শিক্ষকদের ন্যায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত সকল স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা জাতীয়করণ;
খ. স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার জন্য আলাদা নীতিমালা ২০১৫ অনুমোদন;
গ. কোড নম্বর বিহীন মাদ্রাসাগুলোকে কোড নম্বরে অন্তর্ভুক্তকরণ;
ঘ. স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা পাঠদানের অনুমতি/স্থগিতাদেশ ২০০৮ প্রত্যাহার;
ঙ. মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক রেজিস্ট্রেশনের নিয়ম অনুযায়ী প্রতি প্রতিষ্ঠানে ৫ জন শিক্ষক পুনর্বহাল;
চ. প্রাইমারীর ন্যায় স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার ভবন নির্মাণ;
ছ. প্রাইমারীর শিক্ষকদের ন্যায় স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার শিক্ষকদেরকে পিটিআইএর মাধ্যমে ট্রেনিং এর ব্যবস্থাকরণ;
জ. প্রাইমারীর ন্যায় স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা স্থায়ী রেজিস্ট্রেশনকরণ।

(৪) এ পর্যায়ে সভাপতি জানতে চান যে, ৫ জন শিক্ষক বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে প্রস্তাব করা হয়েছে এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর থেকে ৪(চার) জন শিক্ষকের নাম চাওয়া হয়েছে বিষয়টি স্পষ্ট করা প্রয়োজন। সভাপতি আরো জানান যে, পৃথিবীর সকল দেশে শিক্ষাধারা এক, আমাদের দেশে ৩ (তিন)ধরণের শিক্ষা ব্যবস্থা আছে। আমাদের দেশের ছাত্র/ছাত্রীরা প্রাইমারী, কেজি ও মাদ্রাসায় লেখা পড়া করে থাকে। তিনি আরো জানতে চান যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্তি সচিব এর সভাপতিত্বে কমিটি সরকারি নিয়ম অনুসারে ইবতেদায়ী মাদ্রাসাকে জাতীয়করণ এর বিষয়ে সুপারিশ করছে কিনা তা জানা প্রয়োজন। নেতৃবৃন্দ সভাকে জানান যে, এ বিষয়ে কোন সুপারিশ করা হয়নি।

সিদ্ধান্ত:

স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার শিক্ষক প্রতিনিধিদের উত্থাপিত দাবীগুলোর বিষয়ে পরীক্ষা-নিরীক্ষা করে সরকারের কাছে প্রস্তাব উপস্থাপন করা হবে।

(৫) সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৭/৯/২০১৭
(মো: আলমগীর)
সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।